

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং- ১১/২০২৬

২৩ আষাঢ় ১৪৩৩

তারিখ: -----

০৭ জুলাই ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

সঞ্চয়পত্রের মুনাফার তামাদি হিসাব সংক্রান্ত সরকারি ঋণ আইন, ২০২২
এর ধারা ৩৩ এর বিধান স্পষ্টীকরণ প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক প্রেরিত সরকারি ঋণ আইন, ২০২২ এর ধারা ৩৩ এর সঞ্চয়পত্রের মুনাফার তামাদি হিসাবের বিধান স্পষ্টীকরণ সংক্রান্ত ০৮ জুন, ২০২৬ তারিখের স্মারক নং-০৮.০০.০০০০.০০ ০.০৪১.৯৯.০০০২.১৮.৭২ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৪১.৯৯.০০০২.১৮.৭২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সঞ্চয়পত্রের মুনাফার তামাদি হিসাব সংক্রান্ত সরকারি ঋণ আইন, ২০২২ এর ধারা ৩৩ এর বিধান স্পষ্টীকরণ

সূত্র: (১) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের পত্র নং-০৮.০৪.০০০০.০১২.২২.০২১.১৪.৮৪০, তারিখ: ২৫/০২/২০২৬ খ্রি:

(২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০০০.০৪১.৯৯.০০০২.১৮.৩৬, তারিখ: ১২/০৩/২০২৬ খ্রি:

(৩) অর্থ বিভাগের পত্র নং-০৭.০০.০০০০.০০০.১৩৬.২৫.০০০৫.২২.৪, তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ঋণ আইন-২০২২ এর ধারা-৩৩ এর বিধান অনুযায়ী সঞ্চয়পত্রের মুনাফা তামাদি হিসাব নির্দেশক্রমে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো:

ক) পেনশনার সঞ্চয়পত্র এবং পরিবার সঞ্চয়পত্রের মেয়াদপূর্তি পর্যন্ত কুপন মুনাফা মাসিক ভিত্তিতে প্রদেয় হারে প্রাপ্যতার বৈধতা থাকে। সুতরাং, পেনশনার সঞ্চয়পত্র এবং পরিবার সঞ্চয়পত্রের মেয়াদপূর্তির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হওয়ার পরে মুনাফার তামাদি হিসাব প্রযোজ্য হবে।

খ) ০৩ (তিন) মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্রের কুপন মুনাফা সঞ্চয়পত্রের মেয়াদপূর্তি পর্যন্ত প্রাপ্যতার বৈধতা থাকে। সুতরাং, তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্রের মেয়াদপূর্তির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হওয়ার পর মুনাফার তামাদি হিসাব প্রযোজ্য হবে।

গ) ০৫ (পাঁচ) বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্রের মুনাফা মেয়াদপূর্তির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হওয়ার পর মুনাফার তামাদি হিসাব প্রযোজ্য হবে।

ঘ) সঞ্চয়পত্রের বছরভিত্তিক নির্ধারিত পৃথক মুনাফার হার সঞ্চয়পত্রের মেয়াদপূর্তি পর্যন্ত প্রাপ্যতার বৈধতা থাকে। সুতরাং সঞ্চয়পত্রের মেয়াদপূর্তির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হওয়ার পর মুনাফার তামাদি হিসাব প্রযোজ্য হবে।

ঙ) ০৫ (পাঁচ) বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্রের মাসিক কিংবা ত্রৈমাসিক ভিত্তিতে মুনাফা মেয়াদপূর্তির তারিখ পর্যন্ত প্রাপ্যতার বৈধতা থাকে। সুতরাং ৫ (পাঁচ) বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্রের মেয়াদপূর্তির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হওয়ার পর মুনাফার তামাদি হিসাব প্রযোজ্য হবে।

২। উল্লেখ্য, সরকারি ঋণ আইন, ২০২২ এর ধারা ৩৩ এ উল্লেখ আছে যে, "সংক্ষিপ্ত কোনো মেয়াদ নির্ধারিত না থাকলে" মুনাফা বাবদ পাওনা অর্থ যে তারিখ পর্যন্ত পাওনা হয়েছে, উক্ত তারিখ থেকে ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হওয়ার পর উক্ত পাওনা বাবদ সরকারের দায় তামাদি হবে। মুনাফা বাবদ পাওনা অর্থ সঞ্চয়পত্রের মেয়াদপূর্তি পর্যন্ত বহাল থাকে। সুতরাং সঞ্চয়পত্রের মেয়াদপূর্তির পর থেকে পরবর্তী ০৬ (ছয়) বছর পর সরকারি ঋণ আইন-২০২২ এর ধারা ৩৩ মোতাবেক তামাদি হিসাব প্রযোজ্য হবে।

৩। এমতাবস্থায়, জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক সঞ্চয়পত্রের মুনাফার তামাদি হিসাব সংক্রান্ত সরকারি ঋণ আইন-২০২২ এর ধারা ৩৩ এর বিধান স্পষ্টীকরণের আবেদনের প্রেক্ষিতে উল্লিখিত ব্যাখ্যা প্রদানসহ অর্থ বিভাগ হতে প্রাপ্ত পত্র নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।



০৮-০৬-২০২৬

মো: মোবারক হোসেন

সহকারী সচিব

ইমেইল : mubarak.hosain@ird.gov.bd

মহাপরিচালক

জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৪১.৯৯.০০০২.১৮.৭২/১ (৩)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব (সঞ্চয় ও স্ট্যাম্প) অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (সঞ্চয় ও স্ট্যাম্প) অনুবিভাগ এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



০৮-০৬-২০২৬

মো: মোবারক হোসেন

সহকারী সচিব